Phone: 024777-52920
Email: pccollege1918@gmail.com
pccollegepr@yahoo.com
EIN: 114830
www.govtpccollege.edu.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**সরকারি প্রফুল্ল চন্দ্র (পি. সি.) কলেজ, বাগেরহাট**

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

নং ৭০ তারিখঃ ২০/০৩/২০২২ খ্রি.

# উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

অত্র কলেজের একাদশ শ্রেণির ( শিক্ষাবর্ষঃ ২০২১-২০২২) নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচীর আওতায় উপবৃত্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন করার জন্য শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন আহবান করা হচ্ছে। শিক্ষার্থীরা নির্ধারিত আবেদন ফরম পূরণের মাধ্যমে আবেদন করবে এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী কলেজ অফিসে জমা দিবে এবং সাক্ষাৎকার এর জন্য নির্ধারিত তারিখে উপস্থিত থাকবে।

| বিভাগ | ফরম জমার তারিখ | সাক্ষাৎকার গ্রহণের তারিখ |
|---|---|---|
| বিজ্ঞান | ২২-০৩-২০২২ খ্রি. | ২৭-০৩-২০২২ খ্রি. (দুপুর ১.০০) |
| মানবিক | ২৩-০৩-২০২২ খ্রি. | ২৮-০৩-২০২২ খ্রি. (দুপুর ১.০০) |
| ব্যবসায় শিক্ষা | ২৪-০৩-২০২২ খ্রি. | ২৯-০৩-২০২২ খ্রি. (দুপুর ১.০০) |

## আবেদনের শর্তঃ

(ক) শুধুমাত্র আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীরা আবেদন করবে।
(খ) আবেদনের জন্য শিক্ষার্থীর অবশ্যই অনলাইন জন্মনিবন্ধন সনদ(১৭ ডিজিটের নম্বর) থাকতে হবে।
(গ) যে কোনো তফসিলি অনলাইন ব্যাংকে অভিভাবকের ব্যাংক একাউন্ট থাকতে হবে অথবা স্কুল ব্যাংকিং এর আওতায় শিক্ষার্থীর ব্যাংক একাউন্ট থাকতে হবে অথবা অভিভাবকের মোবাইল নাম্বারে মোবাইল ব্যাংকিং চালু থাকতে হবে।
(ঘ) শিক্ষা বোর্ড কতৃক মেধা/সাধারণ বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।
(ঙ) অন্য কোনো সরকারি উৎস হতে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।
(চ) অভিভাবক কর্তৃক শিক্ষা ভাতা গ্রহণ করলে উক্ত শিক্ষার্থী আবেদন করতে পারবে না।

## প্রয়োজনীয় কাগজপত্রঃ

১। কলেজ কতৃক নির্ধারিত ফরম (পূরণকৃত)
২। একাদশ ভর্তি ফিসের জমা রশিদের ফটোকপি
৩। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদ ( ১৭ ডিজিট ) এর ফটোকপি
৪। এসএসসি উত্তীর্ণের নম্বরপত্রের ফটোকপি
৫। শিক্ষার্থীর পিতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
৬। শিক্ষার্থীর মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
৭। পিতা-মাতার অনুপস্থিতিতে অন্য কোনো ব্যক্তিকে অভিভাবক নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
৮। ব্যাংক একাউন্টের ক্ষেত্রে চেক বইয়ের প্রথম পাতার ফটোকপি (মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে প্রয়োজন নেই)।

উপবৃত্তি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগঃ ০১৭৫৩৩৯৯৩৮৮, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, তথ্য প্রদান ইউনিট ও প্রভাষক(গণিত), সরকারি প্রফুল্ল চন্দ্র (পি.সি.) কলেজ, বাগেরহাট

20/03/22
(প্রফেসর মোঃ আসাদুল আলম খান)
অধ্যক্ষ
সরকারি প্রফুল্ল চন্দ্র (পি. সি.) কলেজ, বাগেরহাট